

💵 সহীহ হাদিসে কুদসি

হাদিস নাম্বারঃ ৮১

১/ বিবিধ হাদিসসমূহ

পরিচ্ছেদঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ওপর আল্লাহর নিয়ামত

আরবী

81- عن ابن عباس _رضي الله عنه_ قال: قال رسول الله صلى الله عليه وسلم: «سألتُ ربي مسألةً وددت أني لم أسأله، قلت: يا رب كانت قبلي رسلٌ منهم من سخرت لهم الرياح، ومنهم من كان يُحي الموتى. قال: ألم أجدك يتيمًا فأويتك؟ ألم أجدك ضالاً فهديتُك؟ ألم أجدك عائلاً فأغنيتُك؟ ألم أشرح لك صدرك؟ ووضعت عنك وزرك؟ قال: قلت: بلى يا رب » . (طب) حسن

বাংলা

৮১. ইবনু আব্বাস রাদিয়াল্লাছ্ আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: "আমি আমার রবকে একটি বিষয় জিজ্ঞাসা করেছি, আফসোস আমি যদি তা জিজ্ঞাসা না করতাম। আমি বলেছি: হে আমার রব আমার পূর্বে অনেক রাসূল ছিল, তাদের কারো জন্য বাতাস অনুগত করে দেয়া হয়েছে, তাদের কেউ মৃতদের জীবিত করত। আল্লাহ্ বলেন: আমি কি তোমাকে ইয়াতিম পাই নি অতঃপর আশ্রয় দিয়েছি? আমি কি তোমাকে পথভোলা পাই নি অতঃপর পথ দেখিয়েছি? আমি কি তোমাকে অভাবী পাই নি অতঃপর তোমাকে সচ্ছল করেছি? আমি কি তোমার বক্ষ উন্মুক্ত করি নি? আমি কি তোমার থেকে বোঝা দূর করি নি? রাসূল বলেন: আমি বলেছি: অবশ্যই হে আমার রব"। [তাবরানি] হাদিসটি হাসান।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলাম হাউস

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন